

BANGLA

কাটপিস কুমাৰ

ইন্দু হরিকুমাৰ




eklavya



কাটপিস কুমার

লেখা ও আঁকা
ইন্দু হরিকুমার

বাংলা অনুবাদ
শুন্দি ব্যানার্জি



eklavya




কুমার নানা জিনিস তৈরি করতে ভালোবাসে।





সে দেশলাইয়ের বাক্স দিয়ে বই আর খেলনা
বানায়। বোতলের ঢাকনা দিয়ে বাজনা তৈরি করে।
সে পুরোনো কাপড়ের টুকরো দিয়ে তার পুতুলের
পোশাক অঙ্গি সেলাই করে। তার মা তাকে আদর
করে ডাকে - কাটপিস কুমার।



একদিন কুমার বসে বসে খেলছিল। মা এসে তার
পাশে বসলো। তারপর তার গলা জড়িয়ে ধরে
বললো, “কুমার, একটা কথা আছে। তিন মাস বাদে
এ বাড়িতে একটা ছোট্ট বাচ্চা আসবে। তুমি একটা
বোন বা ভাই পাবে। তোমার কেমন লাগবে বলো।”



কুমার মা'কে জড়িয়ে ধরে বললো, “ও মা! আমার বোন
হলে দারূণ লাগবে। ভাই হলেও খুশী হবো। বেবি এলে
আমার খুব ভালো লাগবে। আমি ওর জন্য কিছু একটা
বানাতে চাই।”



“কিন্তু আমি কী তৈরি করবো?” কুমার অনেকক্ষণ ধরে ভাবলো।
ও এমন একটা কিছু বানাতে চাইছিল যেটা বেবি ছুঁতে পারবে, ধরতে
পারবে। যার মধ্যে বেবি ভালোবাসার ছোঁয়া পাবে।



কুমার ভাবতে লাগলো। স্কুলে বসে বসে
ভাবলো আর বাড়িতেও ভাবলো। ওই
ভাবনাতেই দিনরাত ডুবে রহিলো।



“কী তৈরি করি
আমি?”





একদিন সকালে ঘুম ভেঙে যাবার পর কুমার বিছানায়
গড়াচ্ছিলো। হঠাৎ উঠে বসে সে বলে উঠলো, “কাঁথা।
আমি বেবির জন্য একটা কাঁথা বানাবো। কাঁথা ওকে
গরম রাখবে।”

কিন্তু কাঁথা বানাবার কাপড় পাবে কোথায়?



A woman with dark hair tied back, wearing a red sari with a white floral border and a red blouse, stands by a window. She is looking out at a dark scene. A yellow bag hangs from a hook on the wall behind her. The window has green curtains. The background is dark.

মা বললো, “তুমি আমার
ছেঁড়া ব্লাউজে ছাপা
সূর্যগুলো নিতে পারো।

দিদিমা বললো, “আমি
তোমাকে আমার পুরনো
শাড়ির পাড় দেবো।”




ବାବା ତାର ପୁରନୋ ସୁତିର ଶାଟ୍ ଥେକେ ଏକଟା ପକେଟ ଦିଲୋ ।
ଠାକୁମା ଦିଲୋ ହଲୁଦ କାପଡ଼େର ଟୁକରୋ ।



কিন্তু সবচেয়ে ভালো
কাপড়ের টুকরো এলো
চাঁদ মাস্টারের দর্জির
দোকান থেকে। কত
রকমের নকশা একবার
দেখো!



কুমার সবগুলো কাপড়ের টুকরো থেকে নিজের
পছন্দের কাপড়গুলো বেছে নিলো। সেগুলোকে সে
তারা, সূর্য, নৌকার আকারে কেটে নিলো - লাল, হলুদ
আর সবুজ রঙের। সেগুলো সাজিয়ে নিয়ে সূচে সুতো
পরিয়ে কাপড়ের উপর সেলাই করতে লাগলো।





কোনো সেলাই সোজা, কোনো সেলাই ট্যারাবাঁকা,
কোনোটা আবার অঁকাবাঁকা। তেউ খেলানো আর
গোলাকার সেলাইও করলো।






ডানদিক থেকে বাম
দিকে, আবার উপর
থেকে নীচের দিকেও
সেলাই চললো।





প্রতিদিন স্কুল যাওয়ার আগে আর স্কুল থেকে ফিরে কুমার কাজ করতে লাগলো। দিদা বললো, “এবার এর উপরে একটা শাড়ির ওয়াড় পরিয়ে দাও।” দিদা তাকে শাড়ি দিয়ে ওয়াড় পরাতে সাহায্য করলো। তিন মাস পরে কাঁথা একদম তৈরি।

দেখো, দেখো বেবির জন্য বাড়িতে কী অপেক্ষা করে রয়েছে!









কাটপিস কুমার

Cutpiece Kumar

লেখা ও আঁকা: ইন্দু হরিকুমার

বাংলা অনুবাদ: শুদ্ধ ব্যানার্জী


সম্পাদনা ও সংযোজনা: ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

সম্পাদকীয় সহযোগিতা: নাসরীন, টুলটুল বিশ্বাস, রংজাশিস, বংসী শর্মা

উৎপাদন সহযোগিতা: ইন্দু নায়র, কমলেশ যাদব, মোহম্মদ খিজর

‘Cutpiece Kumar’ গল্পের বাংলা অনুবাদ যা ইংরেজিতে ও হিন্দিতে একলব্য দ্বারা প্রকাশিত।

Bangla translation of story ‘Cutpiece Kumar’ published in English and Hindi by Eklavya.



লেখা ও আঁকা: ইন্দু হরিকুমার, সেপ্টেম্বর 2019

অনুবাদ: একলব্য ফাউন্ডেশন, মার্চ 2024

এই বইটি ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-ND) এর অধীনে পড়ে।

এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - <https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/>

লেখক-চিত্রশিল্পী এবং প্রকাশকের তথ্যসহ অ-বাণিজ্যিক উদ্দেশ্যে কোনো পরিবর্তন ছাড়া বাংলা বইটির লেখা ও ছবি কপি এবং বিতরণ করা যাবে।
অন্য কোনো অনুমতির জন্য, প্রকাশকের মাধ্যমে লেখক-চিত্রশিল্পীর সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে।

প্রথম সংস্করণ: মার্চ 2024 (1000 কপি)

কাগজ: 100 gsm ম্যাপলিথো ও 300 gsm এফ বি বোর্ড (প্রচ্ছদ)

ISBN: 978-81-19771-63-9

মুল্য: ₹ 100.00



দুরবীন, এইচ টি পারেখ ফাউন্ডেশন
(H T Parekh Foundation)-এর আর্থিক সহায়তায় প্রকাশিত।

প্রকাশক:

একলব্য ফাউন্ডেশন (Eklavya Foundation)

জামানালাল বাজাজ পরিসর, জাটখেড়ী,

ভোপাল - 462026 (মধ্য)

ফোন: +91 755 297 7770-71-72

www.eklavya.in

সম্পাদনা ও সংযোজনা:

ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)

কৃষ্ণ নেস্ট, ৩য় তল, ফ্ল্যাট নং - 302, কালিপার্ক,


রাজারহাট, ২৪ পরগনা (ডি), পশ্চিমবঙ্গ, কলকাতা - 700136

ফোন: +91 70447 05339

মুদ্রণ: আদর্শ প্রাইভেট লিমিটেড, ভোপাল, +91 755 255 542



ইন্দু হরিকুমার একজন লেখিকা ও শিল্পী। তিনি কুড়িয়ে পাওয়া জিনিস নিয়ে কাজ করতে ভালোবাসেন। শিল্পের মাধ্যমে তিনি শিশুদের নতুন নতুন বিষয়বস্তু শেখানোর কাজ করেছেন এবং তাদের জন্য বেশ কিছু বই লিখেছেন আর তাতে ছবি এঁকেছেন। দেশে ও বিদেশে তাঁর ছবির প্রদর্শনী হয়েছে। কাজ করতে করতে তিনি বলিউডের সিনেমার গান গাইতে ভালোবাসেন।



তাদের পরিবারে একজন নতুন অতিথি আসবে
জেনে কুমার দারুণ খুশী। সে ঠিক করলো তার জন্য কিছু
একটা তৈরি করবে।



মূল্য: ₹ 100.00

